

**REGIONAL NEWS UNIT**  
**ALL INDIA RADIO, AGARTALA**  
**Date: 18-04-2026**  
**Time: 07:35-07:40 AM Hrs**  
**BENGALI MORNING BULLETIN**

---

**ADC-Result :**

এডিসি নির্বাচনে নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা অর্জন করেছে তিপরা মথা দল। মোট ২৮টি আসনের মধ্যে তিপরা মথা দল ২৪টি আসনে জয়ী হয়েছে। ৪টি আসনে জয়ী হয়েছে বিজেপি। তিপরা মথার জয়ী প্রার্থীরা হলেন দামছড়া-জম্পুই আসনে ভবরঞ্জন রিয়াং, করমছড়া আসনে রতিশ ত্রিপুরা, মনু-ছৈলেংটা হলিউড চাকমা, ডেমছড়া-কচুছড়া আসনে ধীরেন্দ্র দেববর্মা, গঙ্গানগর-গন্ডাছড়া আসনে ঞ্চত্রজয় রিয়াং, রাইমাভ্যালি-ধনঞ্জয় ত্রিপুরা, কুলাই-চাম্পাহাওর আসনে তিপরা মথার প্রার্থী রাজেশ্বর দেববর্মা জয়ী হয়েছেন। তাছাড়া হালাহালি-আশারামবাড়ি আসনে প্রসমিত দেববর্মা, রামচন্দ্রঘাট আসনে জেমস দেববর্মা, মহারানীপুর-তেলিয়ামুড়ায় উৎপল দেববর্মা, সিমনা-তমাকারী-রবীন্দ্র দেববর্মা, বোধজংনগর-ওয়াকিনগর আসনে রুনেইল দেববর্মা জয়ী হয়েছেন। জিরানিয়া আসনে তিপরা মথা প্রার্থী জগদীশ দেববর্মা, মান্দাইনগর-পুলিনপুর আসনে জয়ী হয়েছেন তিপরা মথা প্রার্থী জিতেন্দ্র দেববর্মা। তাছাড়া তিপরা মথা আরো জয়ী প্রার্থীরা হলেন পেকুয়ারজলা-জন্মেজয়নগর আসনে গীতা দেববর্মা, টাকারজলা-জম্পুইজলা আসনে সুরজ দেববর্মা, আমতলী-গোলাঘাটি-বুদ্ধ কুমার দেববর্মা। কিল্লা-বাগমা আসনে পূর্ণচন্দ্র জমাতিয়া পুনরায় জয়ী হয়েছেন। তিপরা মথা প্রার্থীদের মধ্যে কাঠালিয়া-মির্জা-রাজাপুর আসনে ডেভিড মুডাসিং, মহারানী চেলাগাং-চন্দ্রকুমার জমাতিয়া, অম্পিনগর আসনে কমল কলই, নতুনবাজার-মালবাসা আসনে সুজয় উচই, বীরচন্দ্রনগর-কলসি আসনে কেনারাম রিয়াং, পূর্ব মুহুরীপুর-ভুরাতলি আসনে তিপরা মথা প্রার্থী দেবজিৎ ত্রিপুরা জয়ী হয়েছেন। এদিকে বিজেপি'র জয়ী প্রার্থীরা হলেন

দশদা-কাঞ্চনপুর আসনে শৈলেন্দ্র নাথ, মাছমারা আসনে মঞ্জুরানী সরকার, ছামনু আসনে এসমাইল জয় ত্রিপুরা ও শিলাছড়ি-মনুবনকুল আসনে বিজেপি প্রার্থী কাংজাউং মগ জয়ী হয়েছেন।

\*\*\*\*\*

### **TRIPURA ENTRANCE :**

ত্রিপুরা বোর্ড অফ জয়েন্ট এন্ট্রান্স এক্সামিনেশন পরিচালিত এ বছরের জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষা আগামী ২২শে এপ্রিল অনুষ্ঠিত হবে। এ বছর মোট ৪,৭৩১ পরীক্ষার্থী রাজ্যের ১৫টি কেন্দ্রে পরীক্ষায় বসার জন্য আবেদন করেছে। এদের মধ্যে ২,০৮৬ জন ছাত্র এবং ২,৬৪৫ জন ছাত্রী। আবেদনকারী ছাত্র-ছাত্রীদের মধ্যে ৬০৪ জন পিসিএম গ্রুপের জন্য, ২,৬৬৬ জন পিসিবি গ্রুপের জন্য এবং ১,৪৬১ জন উভয় গ্রুপের জন্য আবেদন করেছে। পশ্চিম ত্রিপুরা জেলায় আটটি পরীক্ষা কেন্দ্র এবং বাকি সব জেলাতে একটি করে পরীক্ষা কেন্দ্র রাখা হয়েছে।

\*\*\*\*\*

### **Constitution amendment bill :**

লোকসভা ও বিধানসভায় এক-তৃতীয়াংশ নারী সংরক্ষণ বাস্তবায়নের উদ্দেশ্যে আনা সংবিধান বিল ২০২৬ নিম্নকক্ষে অনুমোদন পেতে ব্যর্থ হয়েছে। লোকসভায় উপস্থিত মোট ৫২৮ জন সদস্যের মধ্যে ৩৫২ জনের দুই-তৃতীয়াংশ সংখ্যাগরিষ্ঠতা পেতে বিলটি ব্যর্থ হয়। বিলটির উপর ভোটাভুটির সময় ২৯৮ জন সাংসদ এর পক্ষে এবং ২৩০ জন বিপক্ষে ভোট দেন। লোকসভার স্পিকার ওম বিড়লা ভোটের ফলাফল ঘোষণা করে বলেন, বিলটি পাসের জন্য প্রয়োজনীয় সংখ্যাগরিষ্ঠতা পেতে ব্যর্থ হওয়ায় এটি নিয়ে আর অগ্রসর হওয়া সম্ভব নয়।

\*\*\*\*\*

### **ICP :**

আগরতলায় আখাউড়া সীমান্তে ইন্টিগ্রেটেড চেক পোস্টে আজ থেকে বিজিবি'র সাথে যৌথ রিড্রিট অনুষ্ঠান ৪টা ৩০ মিনিটে অনুষ্ঠিত হবে। আগে ৪টা থেকে এই অনুষ্ঠান শুরু হত। পশ্চিম ত্রিপুরা জেলা শাসক অফিস থেকে এই খবর জানানো হয়েছে।

\*\*\*\*\*

### **Sadhana Saptaho Award :**

মিশন কর্মযোগীর অধীনে অনুষ্ঠিত 'সাধনা সপ্তাহ ২০২৬'-এ এক লক্ষের কম কর্মীসংখ্যা বিশিষ্ট রাজ্যগুলির মধ্যে প্রথম স্থান অধিকার করেছে ত্রিপুরা। গতকাল দিল্লিতে জন অভিযোগ নিষ্পত্তি দপ্তর থেকে এই পুরস্কার গ্রহণ করেন রাজ্য সরকারের সচিব অপূর্ব রায়। রাজ্য প্রশাসন সূত্রে খবর, ডিজিটাল শিক্ষা ও সক্ষমতা বৃদ্ধির ক্ষেত্রে সাফল্যের জন্য এই পুরস্কার দেওয়া হয়েছে।

\*\*\*\*\*

### **Harivansh-Elected-Deputy-Chair :**

হরিবংশ নারায়ণ সিংহ টানা তিনবার রাজ্যসভার ডেপুটি চেয়ারম্যান হিসেবে নির্বাচিত হলেন। বিরোধী দলগুলি কোনও প্রার্থী না দেওয়ায় তিনি বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হন। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী রাজ্যসভার ডেপুটি চেয়ারম্যানকে অভিনন্দন জানিয়েছেন।

\*\*\*\*\*

### **Hormuz :**

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প এবং ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচি ঘোষণা করেছেন যে, হরমুজ প্রণালী বাণিজ্যিক জাহাজ চলাচলের জন্য সম্পূর্ণরূপে উন্মুক্ত। সামাজিক যোগাযোগ মাধ্যমে দেওয়া এক পোস্টে আরাঘচি জানান, লেবাননে ঘোষিত যুদ্ধবিরতি অনুযায়ী প্রণালীটি দিয়ে সমস্ত বাণিজ্যিক জাহাজের যাতায়াত সম্পূর্ণ উন্মুক্ত।

\*\*\*\*\*

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সবকটি জেলায় বজ্র বিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে বলে জানিয়েছে আবহাওয়া দপ্তর। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৫ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আগরতলায় আজ ভোরে দিনের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫ ডিগ্রি সেলসিয়াস।

\*\*\*\*\*